

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান)
বিশনন্দী, আড়াইহাজার, নারায়ণগঞ্জ।
www.birtan.gov.bd

কৃষিই সমৃদ্ধি

স্মারক নং- ১২.০৯.০০০০.০০১.৯৯.০০২.২১- ৮২৬

তারিখঃ ১৮ শ্রাবণ ১৪২৯ বঙ্গাব্দ
০২ আগস্ট ২০২২ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান)-এ বিদ্যুতের ব্যবহার কমানোর নিমিত্ত নিম্নলিখিত পদক্ষেপসমূহ গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

অফিস ভবনঃ

- ০১। প্রত্যেক কর্মকর্তা/কর্মচারী দিনের আলোতে অফিসের কাজ করবেন। যে সকল স্থানে দিনের আলো প্রবেশ করে না, সে সকল স্থানে প্রয়োজনে এক/দুই টি লাইট ব্যবহার করতে পারবেন।
- ০২। প্রত্যেক কর্মকর্তা/কর্মচারী প্রয়োজনে কেবল একটি ফ্যান ব্যবহার করবেন।
- ০৩। যে সকল কক্ষে এসি রয়েছে, এক ঘন্টা অন্তর অন্তর এসি ব্যবহার করতে পারবেন।
- ০৪। প্রয়োজন ছাড়া কম্পিউটার ব্যবহার করা যাবে না। প্রয়োজনীয় কাজ শেষে কম্পিউটার ও পাওয়ার সকেটের সুইচ বন্ধ করে দিতে হবে।
- ০৫। রাতে অফিস ভবনের নিরাপত্তার জন্য নির্দেশনা মোতাবেক নির্দিষ্ট সাতটি লাইট ছাড়া বাকি সকল লাইট বন্ধ রাখতে হবে।

মেইন গেইটঃ

- ০১। নিরাপত্তায় নিয়োজিত আনসার সদস্যগণ দিনের বেলায় প্রয়োজনে শুধু একটি ফ্যান ব্যবহার করতে পারবেন।
- ০২। রাতে নিরাপত্তার জন্য অফিসের দিকের ও বাহিরের রাস্তার দিকের একটি একটি করে মোট দুইটি ফ্লাড লাইট জ্বালাতে হবে।

প্রশিক্ষণ ভবনঃ

- ০১। প্রশিক্ষণ ভবনের ভিতরের সকল বৈদ্যুতিক যন্ত্রপাতি বন্ধ থাকবে।
- ০২। রাতে নিরাপত্তার জন্য কর্তব্যরত আনসার সদস্য ভিতরের একটি লাইট ও পিছন দিকের দুইটি ফ্লাড লাইট ব্যবহার করবেন।

ডরমিটরি ভবনঃ

- ০১। রাতে ডরমিটরি ভবনের প্রত্যেক তলায় বারান্দায় তিনটি লাইট ছাড়া বাকি সকল লাইট বন্ধ রাখতে হবে।
- ০২। যে সকল কক্ষে এসি রয়েছে সে সব এসি খুব বেশী প্রয়োজন ছাড়া ব্যবহার করা যাবে না।
- ০৩। রাতে নিরাপত্তার জন্য ডরমিটরি ভবনের তিনটি ফ্লাড লাইট ব্যবহার করতে হবে।


বিদ্যালয় ভবন / ডরমিটরি-২:

- ০১। রাতে নিরাপত্তার জন্য বিদ্যালয় ভবনের চারপাশের ফ্লাড লাইটগুলোর মধ্যে উত্তর ও পশ্চিম পাশের একটি একটি করে মোট দুইটি ফ্লাড লাইট ব্যবহার করতে হবে।
- ০২। ভিতরে রাতে প্রতি তলায় একটি করে লাইট জ্বালানো যাবে।

আনসার ক্যাম্পঃ

- ০১। আনসার ক্যাম্প দিনের বেলায় কোনো লাইট ব্যবহার করা যাবে না।
- ০২। রাতে প্রত্যেক কক্ষে প্রয়োজনে একটি লাইট ব্যবহার করতে পারবেন।
- ০৩। অপ্রয়োজনে কোনো আনসার সদস্য কোনো বৈদ্যুতিক যন্ত্রপাতি ব্যবহার করতে পারবেন না।

বারটানের ০৭ টি আঞ্চলিক কার্যালয়কে বিদ্যুতের ব্যবহার কমানোর নিমিত্ত ০৩ কার্য দিবসের মধ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করে প্রধান কার্যালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।



(মোঃ খোরশেদ আলম এনডিসি)

পরিচালক (যুগ্মসচিব)

ই-মেইল: director@birtan.gov.bd

অনুলিপি বিতরণঃ জ্ঞাতার্থে ও কার্যার্থে-

- ১) প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (চলতি দায়িত্ব), বারটান, বিশনন্দী, আড়াইহাজার, নারায়ণগঞ্জ।
- ২) উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (সকল), বারটান, বিশনন্দী, আড়াইহাজার, নারায়ণগঞ্জ।
- ৩) উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, বারটান আঞ্চলিক কার্যালয় (সকল)।
- ৪) প্রোগ্রামার, বারটান, বিশনন্দী, আড়াইহাজার, নারায়ণগঞ্জ। (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৫) বৈজ্ঞানিক কর্মকর্তা (সকল) / জনসংযোগ কর্মকর্তা / প্রশিক্ষক / সহকারী প্রোগ্রামার / সহকারী পরিচালক (সকল), বারটান, বিশনন্দী, আড়াইহাজার, নারায়ণগঞ্জ।
- ৬) সহকারী বৈজ্ঞানিক কর্মকর্তা (সকল) / সহকারী প্রশিক্ষক / উপ-সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ) / গবেষণা সহকারী, বারটান, বিশনন্দী, আড়াইহাজার, নারায়ণগঞ্জ।
- ৭) ক্যাশিয়ার / ভান্ডার রক্ষক / হিসাবরক্ষক / অডিটর / ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর / ল্যাব সহকারী / ড্রাইভার / অফিস সহায়ক, বারটান, বিশনন্দী, আড়াইহাজার, নারায়ণগঞ্জ।
- ৮) নির্বাহী পরিচালক মহোদয়-এর ব্যক্তিগত সহকারী, বারটান, বিশনন্দী, আড়াইহাজার, নারায়ণগঞ্জ। [ইহা নির্বাহী পরিচালক মহোদয়ের সদয় অবগতিসহ]
- ৯) অফিস কপি, বারটান প্রধান কার্যালয়, আড়াইহাজার, নারায়ণগঞ্জ।